গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখাঃ কারিগরি-১
www.tmed.gov.bd

শিক্ষা নিয়েগেড়কাদেশ
শেখ হাসিনার বাংলাদেশ

নং-৩৭.০০.০০০০.০৭৬.০১২.০৬০.২০১৭- ৫৪৩

তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ / ০৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৯ সালের ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের পরীক্ষায় অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাঃ সরঃ কর্ম কমিশন সচিঃ পত্র নং- ৮০.১০৪.০৩৯.০০.০৫.২য়.২০১৯-১০৮, তারিখঃ ২৬ আগস্ট, ২০১৯।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ২০১৯ সালের ২য় অর্ধ বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের আবেদন আহবান করেছে।

০২। এমতাবস্থায়, বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কর্মকর্তাদের আগামী ০২.১০.২০১৯ তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান এবং আগামী ০৭.১০.২০১৯ তারিখের মধ্যে অনলাইন আবেদনের প্রিন্টেড কপি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।

(মোঃ আব্দুর রহিম)
উপসচিব (কারিগরি-১)
☎ ৯৫৮৪৬৬৬

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১। জনাব ফরিদা সুলতানা, পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর-৮০.১০৫.০৩৯.৫৩.০০.২য়.২০১৯- ১০৮

বিষয়ঃ ২০১৯ সালের ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা,জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, বিনিয়োগ বোর্ড-এর কর্মকর্তা এবং শ্রম অধিদপ্তরের (শ্রম শাখা) কলকারখানা ও প্রতিষ্ঠানসমূহের পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/অকারিগরি] কর্মকর্তাদের ২০১৯ সালের ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এ পরীক্ষা ডিসেম্বর, ২০১৯ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আগামী ০৪ সেপ্টেম্বর, ২০১৯ দুপুর ১২:০০টা থেকে ০২ অক্টোবর ২০১৯ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদনপত্র (সফট কপি) নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড ১ কপি (হার্ড কপি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং ১ কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ১৭ অক্টোবর ২০১৯ তারিখ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

**বিশেষ দ্রষ্টব্য : যে সকল কর্মকর্তাকে নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি (এনক্যাডার) করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/ প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র/হার্ডকপির সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র(হার্ডকপি) বাতিল বলে গণ্য হবে।**

২. অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে (হার্ড কপি) আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ অবশ্যই সঠিক ও ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র (হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইনে আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে আবেদনের হার্ডকপি মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো। প্রার্থীকে অবশ্যই কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি [হার্ড কপি] ব্যতীত অন্য যে কোন ধরনের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না অথবা পূর্বের আবেদনপত্রের হার্ডকপি প্রেরণ করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩. উপরিউক্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতি অনুযায়ী ২০১৯ সালের ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদেরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

৪. উল্লেখ্য, কোন অবস্থাতেই বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র [কারণ যাই হোক] বিবেচনা করা হবে না এবং প্রবেশপত্র [ছবি সম্বলিত ডাউনলোডকৃত] ব্যতীত কোনো কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

সংযুক্তি ঃ বর্ণনা অনুযায়ী বিজ্ঞপ্তির ১ (এক) কপি।

[ ফরিদা সুলতানা ]
পরিচালক
ফোনঃ ৫৫০০৬৬২৫

২৮ সচিব
কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

...............................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি

নম্বর-৮০.১০৪.০৩৯.০০.০৫.২য়.২০১৯-২০৭ তারিখঃ ২৮.০৮.২০১৯

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের ২০১৯ সালের ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা,জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার এবং শ্রম অধিদপ্তরের (শ্রম শাখা) কলকারখানা ও প্রতিষ্ঠানসমূহের পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/অকারিগরি] কর্মকর্তাদের ২০১৯ সালের ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ডিসেম্বর, ২০১৯ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আগামী **০৪ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ দুপুর ১২:০০টা থেকে ০২ অক্টোবর ২০১৯ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদনপত্র [সফট কপি] নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে।** অনলাইনে আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড ১কপি (হার্ড কপি) **সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং ১ কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ১৭ অক্টোবর ২০১৯ তারিখ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী** কর্ম কমিশন সচিবালয়ে পৌছাতে হবে। **উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র [হার্ড কপি], কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র [হার্ড কপি] প্রেরণের কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।**

**বিশেষ দ্রষ্টব্য : যে সকল কর্মকর্তাকে নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি (এনক্যাডার) করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র [হার্ড কপি] এর সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

২. অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে (হার্ড কপি) আবেদনকারী ও উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। **উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে।** আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ অবশ্যই সঠিক ও ক্রটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ক্রটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র (হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইনে আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে আবেদনের হার্ডকপি মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো। প্রার্থীকে অবশ্যই কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি [হার্ড কপি] ব্যতীত অন্য যে কোন ধরনের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না অথবা পূর্বের আবেদনপত্রের হার্ডকপি প্রেরণ করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩. **অনলাইনে আবেদনপত্র (বিপিএসসি ফরম-৮) পূরণের নিয়মাবলি নিম্নরূপ :**

প্রার্থী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd ওপেন করে ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর/২০১৯ এর বাটনে ক্লিক করলে Notice, Instructions for submitting application, বিপিএসসি ফরম-৮: রেজিস্ট্রেশন ফরম এর Link দৃশ্যমান হবে। Notice এর Link ক্লিক করলে ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ডিসেম্বর/২০১৯ এর বিজ্ঞপ্তি পাওয়া যাবে। ফরম পূরণের পূর্বে প্রার্থীগণ Instructions for submitting application এ ক্লিক করে Instruction অংশটি ভালো করে পড়বেন। বিপিএসসি ফরম-৮ এর ৪(চার) টি section রয়েছে। section-1: Personal details, section-2: Service related information, section-3: Examination related information, section-4: Others, ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলি রয়েছে। প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে বিপিএসসি ফরম-৮ এর প্রতিটি ফিল্ড পূরণ করতে হবে। এ জন্য প্রার্থীদের National ID card এর নম্বর, ছবি **[ইমেজ ৩০০×৩০০ পিক্সেল (pixels), ফাইল সাইজ ১০০ কেবির নিচে] এবং স্বাক্ষর [ইমেজ ৩০০×৮০ পিক্সেল (pixels),ফাইল সাইজ ৬০ কেবির নিচে] প্রয়োজন হবে।**

৪. পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য ও অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীর তালিকা প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর পর যোগ্য প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। **অনলাইনে আবেদন ফরম পূরণে কোনো সমস্যা হলে e-mail:dept_support@ bpsc.gov.bd এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**

২৮/৮/২০১৯
[ ফরিদা সুলতানা ]
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং-৩৭.০৩.০০০০.০১০.১৬.০০৮.১৫ (নং-১০ (পার্ট-২).১/ ৪৫৭ (৮) তারিখঃ ১৬/০৯/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। পরিচালক (প্রশাসন/পি.আই.ডব্লিউ/পরিঃ ও উন্নয়ন/পি.আই.ইউ/ভোকেশনাল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা/ভিটিটিআই, বগুড়া।
৩। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
৪। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা **(পত্রটি অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)**।
৬। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সংরক্ষণ নথি।

**(পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)**

১৬/৯/১৯

(মোঃ সামসাদ খলিল)
সহকারী পরিচালক-১
ফোন-০২-৮১৮১২২৯